

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

চাঁদপুর শাখা, ৩৭/৩৭, কুমিল্লা রোড, পাল বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের
বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোঃ আলম খান, পিতা- হাজী মোঃ শামসুল হক খান, মাতা-মোসাঃ শামসুন্নাহার, ঠিকানা- মঠখোলা, খলিশাডুলি, পোঃ বাবুরহাট, থানা ও জেলা- চাঁদপুর কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাঁদপুর শাখা হইতে তাহার মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান মেসার্স হাজী মেটাল ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ এর নামে গৃহীত সিসি(হাইপো) ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৬.০২.২০১৭ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১,৮৩,৪৩,৯৭৩.৮৭ (এক কোটি তিরাশি লক্ষ তেতাল্লিশ হাজার নয়শত তিয়াত্তর টাকা সাতাশি পয়শা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

১. জেলাঃ চাঁদপুর, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- চাঁদপুর সদর, জে. এল. সাবেক-২৯, হালে-৪৭, নং মৌজা-খলিশাডুলি অধীন সি.এস.খতিয়ান নং-৬৪; এস.এ. খতিয়ান নং-৪৭, ডি.পি. খতিয়ান নং-৪৩২, খারিজি খতিয়ান নং-১১৪২ এর সি.এস. ও এস.এ. ২৫৪ নং ও বি.এস.-৫৭৪, ৫৭৫ নং দাগে ১৭.০০ শতক জমি।
২. জেলাঃ চাঁদপুর, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- চাঁদপুর সদর জে. এল. সাবেক-২৯ হালে-৪৭ নং মৌজা-খলিশাডুলি অধীন সি.এস.খতিয়ান নং-১৬৫; এস.এ. খতিয়ান নং-১১১, ডি.পি. খতিয়ান নং-২২, খারিজি খতিয়ান নং-১৪২২; এর সি.এস. ও এস.এ. ৪২৭ নং ও বি.এস.- ৭৬৫ নং দাগে ৩.০০ শতক জমি।
৩. জেলাঃ চাঁদপুর, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- চাঁদপুর সদর জে. এল. সাবেক-২৯ হালে-৪৭ নং মৌজা-খলিশাডুলি অধীন সি.এস.খতিয়ান নং-১৬৫; এস.এ. খতিয়ান নং-১১১, ডি.পি. খতিয়ান নং-২২, খারিজি খতিয়ান নং-১৩৭৮; এর সি.এস. ও এস.এ. ৪১৩ নং বি.এস.- ৭৬৮ নং দাগে ৩.০০ শতক জমি; সি.এস. এবং এস.এ. -৪২৭, ৪২৮, ৪২৯ নং ও বি.এস.- ৭৬৫ নং দাগের ১.৭৫ শতক জমি; সি.এস. ও এস.এ. ৪২৭, ৪২৮, ৪২৯ নং ও বি.এস.- ৭৬৫ নং দাগের ০.৭৫ শতক জমি, মোট- ৫.৫০ (পাঁচ দশমিক পাঁচ শূন্য) শতক জমি।
৪. জেলাঃ চাঁদপুর, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- চাঁদপুর সদর জে. এল. সাবেক-২৯ হালে-৪৭ নং মৌজা-খলিশাডুলি অধীন, সি.এস.খতিয়ান নং-১৬৫; এস.এ. খতিয়ান নং-১১১, ডি.পি. খতিয়ান নং-২২, খারিজি খতিয়ান নং-১২৫৯; সি.এস. ও এস.এ. ৪২৭, ৪২৮ নং ও বি.এস.-৭৬৫ নং দাগের ৪.০০ শতক জমি।

নিলামের শর্তাবলী

- ১। আগামী ০৬.০৪.২০১৭ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাঁদপুর শাখায় রক্ষিত বাঞ্ছা সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ৩ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-ওর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাঁদপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- ৩। উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- ৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./ পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাঁদপুর শাখা, চাঁদপুর।